

## অজি বাংলা স্মাইল এর জন্য ২০০০ ডলারের অনুদান



গত রবিবার (৩০/১১/০৮) আয়োজিত একটি অনাড়ম্বর অনুষ্ঠানে বাংলাদেশ ফোরাম ফর কমিউনিটি এনগেজমেন্ট এর সভাপতি ডাঃ আয়েস চৌধুরী অজি বাংলা স্মাইলের প্রতিষ্ঠাতা ডাঃ হাসান সারোয়ার এর হাতে ২০০০ অস্ট্রেলিয়ান ডলারের নগদ অনুদান তুলে দেন।

অজি বাংলা স্মাইল ডাঃ হাসান সারোয়ার এর উদ্যোগে প্রতিষ্ঠিত একটি দাতব্য প্রতিষ্ঠান। সিডনির নেপিয়ান হাসপাতালের কিছু ডাক্তার এবং নার্স এই

প্রতিষ্ঠানের সদস্য। প্রতিষ্ঠানটি বাংলাদেশের ঠোট এবং তালু কাটা মানুষের মুখমন্ডল মেরামতের জন্য দেশের বিভিন্ন স্থানে ক্যাম্পের আয়োজন করে থাকে। ডাঃ হাসানের নেতৃত্বে ৬ জনের একটি দল ২০০৭ এর অক্টোবর মাসে বাংলাদেশে যায় এবং ৯৪ জনের ওপর অস্ত্রোপচার করে। তাদের এই সফরের ওপর চ্যানেল সেভেনে একটি মর্মস্পর্শী প্রামাণ্য চিত্র প্রচারিত হয়।

বর্তমানে দলটি ২০০৯ এর মার্চ মাসে পুনরায় বাংলাদেশ যাবার জন্য তহবিল সংগ্রহ করছে। বাংলাদেশ ফোরাম ফর কমিউনিটি এনগেজমেন্টের অনুদান ১০ জনের মুখমন্ডল মেরামতের খরচ বহন করবে বলে ডাঃ হাসান সারোয়ার আমাদের জানান।

অনুদান প্রদান অনুষ্ঠানে ডাঃ হাসান সারোয়ার ও তার স্ত্রী ডাঃ মুক্তি সারোয়ার ছাড়াও সংগঠনের আরো দুই জন সদস্য, বারবারা মিচেল এবং জুডি মানডে উপস্থিত ছিলেন। এরা দুজনেই ২০০৭ সালে বাংলাদেশে গিয়েছিলেন এবং ২০০৯ সালে আবারো বাংলাদেশে যাবার প্রস্তুতি গ্রহন করছেন। তারা বাংলাদেশে থাকাকালিন তাদের অভিজ্ঞতা ফোরামের উপস্থিত সদস্যদের কাছে বর্ণনা করেন।

